## দিনাজপুর বোর্ড, ২০১৫
## হিসাববিজ্ঞান

বিষয় কোড : ১ ৪ ৬

সময় — ২ ঘণ্টা ১০ মিনিট | সৃজনশীল প্রশ্ন | পূর্ণমান — ৬০

*দ্রষ্টব্য :- দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও।*
*১নং ও ২নং প্রশ্নসহ যে কোন ৬টি প্রশ্নের উত্তর দাও। প্রত্যেক প্রশ্নের মান ১০।*

### ক বিভাগ

১। সালমা এন্ড কোং-এর ২০১৪ সালের ৩১ ডিসেম্বর তারিখের রেওয়ামিল ও অন্যান্য সমন্বয় নিম্নরূপ—

**সালমা এন্ড কোং**
**রেওয়ামিল**
৩১ ডিসেম্বর, ২০১৪

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| হাতে নগদ | ২৪,০০০ | |
| উত্তোলন ও মূলধন | ১০,০০০ | ৫০,০০০ |
| আসবাবপত্র | ৫,০০০ | |
| প্রারম্ভিক মজুদ পণ্য | ৩০,০০০ | |
| ক্রয় ও বিক্রয় | ৮০,০০০ | ১,৪০,০০০ |
| দেনাদার ও পাওনাদার | ৩০,০০০ | ১৫,০০০ |
| শিক্ষানবিস সেলামি | | ২,০০০ |
| প্রাপ্য বিল ও প্রদেয় বিল | ৫,০০০ | ৪,০০০ |
| ক্রয় পরিবহন | ৩,০০০ | |
| বিক্রয় ফেরত ও ক্রয় ফেরত | ৫,০০০ | ২,০০০ |
| আমদানি শুল্ক | ১,০০০ | |
| ইজারা সম্পত্তি (১০ বছরের জন্য) | ২০,০০০ | |
| | ২,১৩,০০০ | ২,১৩,০০০ |

**সমন্বয়সমূহ :** (১) সমাপনী মজুদপণ্যের মূল্য ৪০,০০০ টাকা। (২) শিক্ষানবিস সেলামি ২ বছরের জন্য পাওয়া গেছে। (৩) মূলধনের ওপর ১০% সুদ ধরতে হবে। (৪) আসবাবপত্রের ওপর ১০% অবচয় ধরতে হবে।

ক. সালমা এন্ড কোং এর চলতি সম্পদের মোট পরিমাণ নির্ণয় কর। ২

খ. যথাযথ ছকে ব্যবসায়ের মোট লাভ বা ক্ষতি নির্ণয় কর। ৪

গ. বছরের শেষে সালমা এন্ড কোং এর পরিচালন মুনাফা কত হবে ছক ব্যবহার করে নির্ণয় কর। ৪

২। সাজ্জাদ এন্টারপ্রাইজ ২০১৪ সালে পাইকারি ব্যবসায় করে মোট ১,০৬,০০০ টাকা লাভ করেন। ৩১ ডিসেম্বর ২০১৪ তারিখে উক্ত প্রতিষ্ঠানের রেওয়ামিল ও সমন্বয়সমূহ নিম্নরূপ :

http://teachingbd.com

সাজ্জাদ এন্টারপ্রাইজ
রেওয়ামিল
২০১৪ সালের ৩১ ডিসেম্বর

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| ক্রয় ও বিক্রয় | ১,০০,০০০ | ২,০০,০০০ |
| দেনাদার ও পাওনাদার | ২৪,০০০ | ১৮,০০০ |
| অনাদায়ী পাওনা ও অনাদায়ী পাওনা সঞ্চিতি | ১,০০০ | ১,৫০০ |
| উত্তোলন ও মূলধন | ১০,০০০ | ১,০০০ |
| বিক্রয় পরিবহন | ২,০০০ | |
| বিমা প্রিমিয়াম | ৪,০০০ | |
| অতিরিক্ত মূলধন | | ২০,০০০ |
| প্রারম্ভিক মজুদ পণ্য | ১৮,০০০ | |
| ১০% বিনিয়োগ | ৫,০০০ | |
| বিনিয়োগের সুদ | | ৩০০ |
| হাতে নগদ | ২৫,৮০০ | |
| আসবাবপত্র | ৫০,০০০ | |
| সুনাম | ১,০০,০০০ | |
| মোট | ৩,৩৯,৮০০ | ৩,৩৯,৮০০ |

**সমন্বয়সমূহ :** (১) সমাপনী মজুদ পণ্যের মূল্য ২২,০০০ টাকা। (২) বিমা প্রিমিয়াম ২০১৫ সালের ৩১ মার্চ পর্যন্ত ১ বছরের জন্য পরিশোধ। (৩) দেনাদারের ১০% সন্দেহজনক পাওনা সঞ্চিতি রাখতে হবে। (৪) মালিক কর্তৃক পণ্য উত্তোলন ২,০০০ টাকা হিসাবভুক্ত হয় নি।

ক. সাজ্জাদ এন্টারপ্রাইজের বিক্রীত পণ্যের ব্যয় নির্ণয় কর। ২

খ. সাজ্জাদ এন্টারপ্রাইজের নিট মুনাফার পরিমাণ নির্ণয় কর। ৪

গ. উপর্যুক্ত তথ্যের আলোকে সাজ্জাদ এন্টারপ্রাইজের মালিকানাস্বত্ব বিবরণী প্রস্তুত কর। ৪

## খ বিভাগ

৩। জনাব কামরুল হাসান তার ব্যবসায়ের বিস্তারিত হিসাব সংরক্ষণ করেন না। ১ জানুয়ারি ২০১৪ তারিখে তার ব্যবসায়ের মোট সম্পদ ও মোট দায়ের পরিমাণ যথাক্রমে ৩,০০,০০০ টাকা ও ১,২০,০০০ টাকা ছিল। ৩১ ডিসেম্বর ২০১৪ তারিখে তাঁর ব্যবসায়ের নিম্নোক্ত সম্পদ ও দায়সমূহ ছিল :

| বিবরণ | টাকা |
|---|---|
| হাতে নগদ | ১,৫০,০০০ |
| দেনাদার | ৪০,০০০ |
| মজুদ পণ্য | ৭০,০০০ |
| পাওনাদার | ২৫,০০০ |
| ব্যাংক জমাতিরিক্ত | ৫,০০০ |
| আসবাবপত্র | ৪০,০০০ |

http://teachingbd.com

উক্ত বছরে জনাব কামরুল হাসান আরও ৫০,০০০ টাকা নতুন করে ব্যবসায়ে বিনিয়োগ করেন। উক্ত বছরে তিনি ১৫,০০০ টাকা নগদ এবং ৩,০০০ টাকার পণ্য উত্তোলন করেন।

ক. জনাব কামরুল হাসানের প্রারম্ভিক মূলধনের পরিমাণ নির্ণয় কর। ২

খ. জনাব কামরুল হাসানের সমাপনী মূলধনের পরিমাণ নির্ণয় কর। ৪

গ. ২০১৪ সালে জনাব কামরুল হাসানের ব্যবসায়ের লাভ/ক্ষতির পরিমাণ নির্ণয় কর। ৪

৪। এ্যাডভোকেট শামসুল আলম ১ জানুয়ারি ২০১৪ তারিখে তার আইন ব্যবসায় চালু করেন। প্রথম মাসের লেনদেনগুলো নিম্নরূপ :

| | | |
|---|---|---|
| জানু. | ১ | আইন পেশায় ৫০,০০০ টাকা বিনিয়োগ করা হলো। |
| " | ৪ | অফিসের জন্য আসবাবপত্র ক্রয় ১০,০০০ টাকা। |
| " | ৮ | মক্কেলদের ধারে আইনী সেবা দেওয়া হলো ৮,০০০ টাকা। |
| " | ১২ | মক্কেলদের নিকট থেকে নগদ প্রাপ্তি ২,৫০০ টাকা। |
| " | ১৬ | আসবাবপত্রের অবচয় ধরা হলো ৫০০ টাকা। |
| " | ২০ | অফিস কর্মচারীদের বেতন পরিশোধ ২,০০০ টাকা। |

ক. এ্যাডভোকেট শামসুল আলমের ৮ ও ১৬ তারিখের লেনদেনগুলোর জাবেদা দাখিলা দাও। ২

খ. মাস শেষে এ্যাডভোকেট শামসুল আলমের স্বত্বাধিকারের পরিমাণ নির্ণয় কর। ৪

গ. উপরোক্ত লেনদেনের ভিত্তিতে এ্যাডভোকেট শামসুল আলমের ব্যবসায়ের প্রাপ্য হিসাব ও আসবাবপত্র হিসাব প্রস্তুত কর। ৪

৫। জনাব ইদ্রিস আলীর ব্যবসায়ের ২০১৪ সালের মার্চ মাসে নিম্নোক্ত লেনদেনসমূহ সংঘটিত হয়েছে :

| | | |
|---|---|---|
| মার্চ | ১ | নতুন মেশিন ক্রয় ৫০,০০০ টাকা। |
| " | ২ | নতুন মেশিন সংস্থাপন ব্যয় ৪,০০০ টাকা। |
| " | ৪ | নিউ মার্কেট হতে ধানমন্ডি ব্যবসায় স্থানান্তর ব্যয় ১৫,০০০ টাকা। |
| " | ৮ | পুরাতন কম্পিউটার মেরামত ব্যয় ২,০০০ টাকা। |
| " | ১২ | বৈদ্যুতিক যন্ত্রপাতি ক্রয় ২০,০০০ টাকা। |
| " | ১৪ | বিদ্যুৎ বিল পরিশোধ ২,০০০ টাকা। |
| " | ১৬ | বিজ্ঞাপন খরচ প্রদান (৩ বছরের জন্য) ১৮,০০০ টাকা। |
| " | ২০ | নতুন ক্রীত মেশিন মেরামত ব্যয় ৩,০০০ টাকা। |

ক. বিলম্বিত মুনাফাজাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় কর। ২

খ. মূলধনজাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় কর। ৪

গ. ১ তারিখে ক্রীত মেশিন ৬০,০০০ টাকায় বিক্রয় করা হলে, মূলধনজাতীয় প্রাপ্তি ও মূলধনজাতীয় আয়ের পরিমাণ কত হবে? ৪

http://teachingbd.com

৬। রাশেদ এন্ড ব্রাদার্স এর ২০১৪ সালের ৩১ ডিসেম্বর তারিখের খতিয়ান উদ্বৃত্তগুলো নিম্নরূপ :

| বিবরণ | টাকা |
|---|---|
| মূলধন | ১,০০,০০০ |
| উত্তোলন | ২০,০০০ |
| ব্যাংক জমাতিরিক্ত | ১৫,০০০ |
| হাতে নগদ (১-১-২০১৪) | ৮,০০০ |
| প্রারম্ভিক মজুদ পণ্য | ২৫,০০০ |
| সাধারণ সঞ্চিতি | ৭,০০০ |
| সমাপনী মজুদ পণ্য | ৩০,০০০ |
| হাতে নগদ (৩১-১২-২০১৪) | ১৭,৫০০ |
| ক্রয় | ৬০,০০০ |
| বিক্রয় | ৮০,০০০ |
| বিনিয়োগের সুদ | ১.০০০ |
| ব্যাংক চার্জ | ৫০০ |
| ১০% বিনিয়োগ | ৮০,০০০ |

ক. রাশেদ এন্ড ব্রাদার্স-এর রেওয়ামিলে কোন কোন দফা অন্তর্ভুক্ত হবে না, তার মোট পরিমাণ নির্ণয় কর। ২

খ. উপর্যুক্ত খতিয়ান উদ্বৃত্ত দ্বারা রাশেদ এন্ড ব্রাদার্স-এর একটি রেওয়ামিল প্রস্তুত কর। ৪

গ. উপর্যুক্ত রেওয়ামিল হতে মুনাফাজাতীয় আয় ও মুনাফাজাতীয় ব্যয়ের মোট পরিমাণ নির্ণয় কর। ৪

৭। রাকিব এন্ড সন্স এর ব্যবসায়ে ২০১৪ সালের জানুয়ারি মাসে নিম্নোক্ত লেনদেন সম্পন্ন হয় :

২০১৪

| | | |
|---|---|---|
| জানু. | ১ | নগদ উদ্বৃত্ত ৫০,০০০ টাকা ও ব্যাংক উদ্বৃত্ত ৪০,০০০ টাকা। |
| " | ৫ | নগদ ক্রয় ১৫,০০০ টাকা। |
| " | ৮ | নগদ বিক্রয় ২৫,০০০ টাকা। |
| " | ১২ | ব্যক্তিগত প্রয়োজনে পণ্য উত্তোলন ২,০০০ টাকা। |
| " | ১৪ | ব্যাংকে জমা দেওয়া হলো ৭,০০০ টাকা। |
| " | ১৬ | চেকে কর্মচারীদের বেতন প্রদান ২,৫০০ টাকা। |
| " | ১৮ | বিক্রয়কর্মীর কমিশন প্রদান ১,০০০ টাকা। |
| " | ২০ | রতনের নিকট বিক্রয় ৩,০০০ টাকা। |

ক. নগদান বইতে লিপিবন্ধ হবে না এরূপ লেনদেন সনাক্ত করে সাধারণ জাবেদা দাখিলা দাও। ২

খ. লেনদেনসমূহের ভিত্তিতে নগদ প্রদান জাবেদা প্রস্তুত কর। ৪

গ. উপর্যুক্ত লেনদেন দ্বারা রাকিব এন্ড সন্স এর নিকট উপযুক্ত নগদান বই প্রস্তুত কর। ৪

Teachingbd.com

৮। শাপলা গার্মেন্টস শার্ট উৎপাদন ও বিক্রয় করে। ২০০ পিস শার্টের ব্যয় নিম্নরূপ :

| বিবরণ | টাকা |
|---|---|
| কাঁচামালের মজুদ (১-১-২০১৪) | ১৫,০০০ |
| কাঁচামালের মজুদ (৩১-১২-২০১৪) | ১০,০০০ |
| কাঁচামাল ক্রয় | ৬০,০০০ |
| প্রত্যক্ষ মজুরি | ৪০,০০০ |
| কারখানার উপরিব্যয় (প্রত্যক্ষ মজুরির ৭৫%) | |
| প্রশাসনিক উপরিব্যয় | ৮,০০০ |
| বিক্রয় উপরিব্যয় | ৭,০০০ |

ক. ব্যবহৃত কাঁচামালের ব্যয় নির্ণয় কর। ২

খ. ২০০ পিস শার্টের উৎপাদন ব্যয় নির্ণয় কর। ৪

গ. শাপলা গার্মেন্টস মোট ব্যয়ের ওপর ২৫% মুনাফা করতে চাইলে প্রতিটি শার্টের বিক্রয়মূল্য কত ধার্য করতে হবে? ৪

৯। জনাব সাকিব ইকবালের ১ জানুয়ারি ২০১৪ তারিখে সম্পদ ও দায়-দেনার পরিমাণ নিম্নরূপ :

| বিবরণ | টাকা |
|---|---|
| হাতে নগদ | ৬০,০০০ |
| আসবাবপত্র | ৬,০০,০০০ |
| তৈজসপত্র | ১,৫০,০০০ |
| গৃহনির্মাণ ঋণ | ৩,০০,০০০ |

Teachingbd.com

উক্ত বছরে তার প্রাপ্তি ও প্রদান হিসাব নিম্নরূপ :

| প্রাপ্তিসমূহ | টাকা | প্রদানসমূহ | টাকা |
|---|---|---|---|
| হাতে নগদ | | খাদ্যসামগ্রী ক্রয় | ৬০,০০০ |
| (১-১-২০১৪) | ৬০,০০০ | মুদির দোকান বিল | ৩,০০০ |
| বেতন প্রাপ্তি | ২,৫০,০০০ | কম্পিউটার ক্রয় | ৪০,০০০ |
| কৃষিখাতে আয় | ৬০,০০০ | গ্যাস, পানি ও বিদ্যুৎ | ৬,০০০ |
| পুরাতন খবরের | | খবরের কাগজ বিল | ৩,০০০ |
| কাগজ বিক্রি | ৩,০০০ | ডাকঘর সঞ্চয় ব্যাংকে জমা | ৩০,০০০ |
| | | টেলিভিশন ক্রয় | ৫০,০০০ |
| | | গৃহনির্মাণ ঋণ পরিশোধ | ১,০০,০০০ |
| | | গৃহনির্মাণ ঋণের সুদ | ১,০০০ |
| | | হাতে নগদ (৩১-১২-১৪) | ৮০,০০০ |
| | ৩,৭৩,০০০ | | ৩,৭৩,০০০ |

ক. জনাব সাকিব ইকবালের পারিবারিক তহবিলের পরিমাণ নির্ণয় কর। ২

খ. জনাব সাকিব ইকবালের ব্যয়াতিরিক্ত আয়ের পরিমাণ নির্ণয় কর। ৪

গ. উক্ত তারিখে জনাব সাকিব ইকবালের আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত কর। ৪

http://teachingbd.com

# হিসাববিজ্ঞান : বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৪০ মিনিট | পূর্ণমান — ৪০ | বিষয় কোড : ১৪৬

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

**১. চলতি অনুপাতের আদর্শ মান কোনটি?**
ক ২ : ১ খ ১ : ২ গ ১ : ১ ঘ ১ : ৩

**২. স্থাপত্য নকশা প্রণয়ন খরচ হলো—**
i. প্রত্যক্ষ মজুরি
ii. পরোক্ষ মজুরি
iii. আরোপনযোগ্য খরচ
**নিচের কোনটি সঠিক?**
ক i খ ii গ iii ঘ i, ii ও iii

**৩. একটি পরিবারের মোট আয়ের কত ভাগ বস্ত্রখাতে ব্যয় করা হয়?**
ক ৩০%–৫০% খ ৩০%–৪০%
গ ১০%–১৫% ঘ ৫%–১০%

**নিচের উদ্দীপকটি পড় এবং ৪ ও ৫ নং প্রশ্নের উত্তর দাও :**
রেজা এন্ড সন্স-এর প্রারম্ভিক মূলধন ১,৫০,০০০ টাকা, বিক্রয়মূল্য ২,০০,০০০ টাকা, নীট মুনাফা ২৫,০০০ টাকা এবং উত্তোলন ৩৫,০০০ টাকা।

**৪. রেজা এন্ড সন্স-এর নীট মুনাফা অনুপাত হবে—**
ক ১০% খ ১২.৫% গ ১৫% ঘ ২০%

**৫. 'রেজা এন্ড সন্স'-এর মালিকানাস্বত্বের পরিমাণ কত?**
ক ১,৭৫,০০০ টাকা খ ১,৪০,০০০ টাকা
গ ১,৯০,০০০ টাকা ঘ ২,৬০,০০০ টাকা

**৬. সরকারের আয়ের অন্যতম উৎস হলো—**
i. ভ্যাট
ii. কাস্টম্‌স ডিউটি
iii. আয়কর
**নিচের কোনটি সঠিক?**
ক i খ ii গ iii ঘ i, ii ও iii

**৭. ক্যাশ মেমোর মূলকপি কাকে দেওয়া হয়?**
ক ক্রেতাকে খ বিক্রেতাকে
গ বাহককে ঘ দেনাদারকে

**৮. হিসাবচক্রের তৃতীয় ধাপ কোনটি?**
ক জাবেদাভুক্তকরণ খ খতিয়ানে স্থানান্তর
গ রেওয়ামিল প্রস্তুতকরণ ঘ সমন্বয় দাখিলা

**৯. বিজ্ঞাপন বাবদ এককালীন অত্যধিক ব্যয়—**
ক মূলধনজাতীয় ব্যয় খ ব্যবসায়িক ব্যয়
গ বিলম্বিত মুনাফাজাতীয় ব্যয়
ঘ মুনাফাজাতীয় ব্যয়

**১০. 'সুনাম হিসাব' কী ধরনের হিসাব?**
ক ব্যক্তিবাচক হিসাব খ ব্যয় হিসাব
গ সম্পদ হিসাব ঘ দায় হিসাব

**১১. জীবনবিমার প্রিমিয়াম প্রদান ৫,০০০ টাকা। এর জাবেদা হবে—**
ক জীবনবিমা হি. ডেবিট, নগদান হিসাব ক্রেডিট
খ বিমা হি. ডেবিট, নগদান হিসাব ক্রেডিট
গ নগদান হিসাব ডেবিট, উত্তোলন হিসাব ক্রেডিট
ঘ উত্তোলন হিসাব ডেবিট, নগদান হিসাব ক্রেডিট

**নিচের উদ্দীপকটি পড় এবং ১২ ও ১৩নং প্রশ্নের উত্তর দাও :**
কাঁচামাল ৮০,০০০ টাকা, প্রত্যক্ষ মজুরি ২০,০০০ টাকা, প্রত্যক্ষ অন্যান্য খরচ ২০,০০০ টাকা, কারখানা উপরিব্যয় প্রত্যক্ষ মজুরির ৪০% এবং মুনাফা মোট ব্যয়ের ২০%।

**১২. কারখানা উপরিব্যয় কত টাকা?**
ক ৮,০০০ টাকা খ ১,০৮,০০০ টাকা
গ ১,১৮,০০০ টাকা ঘ ১,২৮,০০০ টাকা

**১৩. বিক্রয় উপরিব্যয় ১২,০০০ টাকা হলে মুনাফা কত?**
ক ২৮,০০০ টাকা খ ১,২৮,০০০ টাকা
গ ১,৪৮,০০০ টাকা ঘ ১,৬৮,০০০ টাকা

**১৪. মানুষের সুখের ঠিকানা হচ্ছে—**
i. টাকা-পয়সা
ii. পারিবারিক বন্ধন
iii. সম্পদ
**নিচের কোনটি সঠিক?**
ক i খ ii গ i ও ii ঘ i ও iii

**১৫. কোনটি অপরিচালন ব্যয়?**
ক মজুরি খ আমদানি শুল্ক
গ বেতন ঘ ব্যাংক চার্জ

**১৬. হিসাববিজ্ঞানের ইতিহাস কেমন?**
ক একটি নতুন বিষয় খ একটি পুরানো বিষয়
গ একটি আধুনিক বিষয় ঘ প্রাচীন ও বৈচিত্র্যময়

**১৭. লেনদেনসংক্রান্ত ঘটনা—**
i. সর্বদা দৃশ্যমান
ii. কখনও দৃশ্যমান নয়
iii. দৃশ্যমান ও অদৃশ্যমান উভয়ই হতে পারে
**নিচের কোনটি সঠিক?**
ক i খ ii গ iii ঘ i ও ii

**১৮. যদি প্রারম্ভিক মূলধন ৬০,০০০ টাকা এবং সমাপনী মূলধন ৯০,০০০ টাকা হয় তবে মুনাফা অথবা ক্ষতি কত?**
ক মুনাফা ২০,০০০ টাকা
খ ক্ষতি ৩০,০০০ টাকা
গ মুনাফা ৩০,০০০ টাকা
ঘ ক্ষতি ২০,০০০ টাকা

**১৯. আর্থিক অবস্থার বিবরণীতে লিপিবদ্ধ হবে—**
i. মুনাফাজাতীয় ব্যয়
ii. মূলধনজাতীয় ব্যয়
iii. বিলম্বিত মুনাফাজাতীয় ব্যয়
**নিচের কোনটি সঠিক?**
ক i খ i ও ii
গ i ও iii ঘ ii ও iii

**২০. কন্ট্রা এন্ট্রি কী?**
ক বিপরীত দাখিলা খ সমন্বয় দাখিলা
গ দ্বিগুণ দাখিলা ঘ প্রাথমিক দাখিলা

http://teachingbd.com

২১. আধুনিক হিসাববিজ্ঞানের যাত্রা শুরু হয় কখন?
ⓚ দ্বাদশ শতাব্দী ⓛ ত্রয়োদশ শতাব্দী
ⓜ পঞ্চদশ শতাব্দী ⓝ সপ্তদশ শতাব্দী

২২. কোনটি সঠিক সমীকরণ?
ⓚ A = L − E ⓛ A = L + E
ⓜ L = A + E ⓝ A + L = E

২৩. একতরফা দাখিলা পদ্ধতি একটি—
i. পূর্ণাঙ্গ হিসাব পদ্ধতি
ii. অসম্পূর্ণ হিসাব পদ্ধতি
iii. বিজ্ঞানসম্মত পদ্ধতি
নিচের কোনটি সঠিক?
ⓚ i ⓛ ii ⓜ iii ⓝ i, ii ও iii

■ নিচের উদ্দীপকটি পড় এবং ২৪ ও ২৫ নং প্রশ্নের উত্তর দাও :
মি. রায়, ব্যবসায়ের জন্য ১,২০,০০০ টাকায় একটি মেশিন ক্রয় করেন। মেশিনটির পরিবহন ব্যয় ৫,০০০ টাকা এবং সংস্থাপন ব্যয় ৩,০০০ টাকা। এক বছর পরে উক্ত মেশিনের ওপর ১০% অবচয় ধরা হয়। ব্যবসায়ে প্রয়োজন না থাকায় মেশিনটি ১,৪০,০০০ টাকায় বিক্রয় করা হয়।

২৪. 'মেশিন বিক্রয়' লেনদেনটি কোন প্রকৃতির?
ⓚ মূলধনজাতীয় প্রাপ্তি ⓛ মূলধনজাতীয় ব্যয়
ⓜ মূলধনজাতীয় আয় ⓝ মুনাফাজাতীয় আয়

২৫. মেশিনটির অবচয়ের পরিমাণ কত?
ⓚ ১২,০০০ টাকা ⓛ ৫,০০০ টাকা
ⓜ ১২,৮০০ টাকা ⓝ ৮,০০০ টাকা

২৬. উত্তরা ব্যাংক হিসাব একটি—
ⓚ দায় হিসাব ⓛ সম্পদ হিসাব
ⓜ ব্যয় হিসাব ⓝ আয় হিসাব

২৭. অফিসে ব্যবহারের জন্য কাগজ ও কালি ক্রয় করা হলে কোন হিসাব ডেবিট হবে?
ⓚ মনিহারি হিসাব ⓛ কাগজ ও অন্যান্য হিসাব
ⓜ ক্রয় হিসাব ⓝ কালি ও অন্যান্য হিসাব

২৮. 'বি/ডি' দিয়ে কী বোঝায়?
ⓚ নিচে নীত ⓛ সম্মুখে নীত
ⓜ পেছন থেকে আনীত ⓝ উপর থেকে আনীত

২৯. নগদান বই সর্বদা প্রকাশ করে—
ⓚ ক্রেডিট উদ্বৃত্ত ⓛ ডেবিট উদ্বৃত্ত
ⓜ ব্যবসায়ের মুনাফা ⓝ ব্যবসায়ের ক্ষতি

৩০. রেওয়ামিলের ক্রেডিট দিকে লিপিবদ্ধ হবে—
i. উত্তোলন
ii. মূলধন
iii. ক্রয় ফেরত
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓛ ii ও iii
ⓜ i ও iii ⓝ i, ii ও iii

৩১. কোনটি অন্য তিনটি থেকে ভিন্ন?
ⓚ বিজ্ঞাপন ⓛ শিক্ষানবিস সেলামি
ⓜ উপভাড়া ⓝ প্রাপ্ত কমিশন

৩২. উৎপাদনের ক্ষেত্রে কোনটি প্রত্যক্ষ খরচ?
ⓚ ভাড়া ⓛ বেতন
ⓜ বিজ্ঞাপন ⓝ প্যাকিং খরচ

■ নিচের উদ্দীপকটি পড় এবং ৩৩ ও ৩৪ নং প্রশ্নের উত্তর দাও :
২০১৪ সালের ১লা জুলাই জনাব রবিন ১,৫০,০০০ টাকা নগদ এবং ৫০,০০০ টাকার পণ্য নিয়ে ব্যবসায় আরম্ভ করেন। জুলাই ১০ তারিখে জনাব করিমের কাছ থেকে তিনি ২০,০০০ টাকার পণ্য ক্রয় করেন।

৩৩. জনাব রবিনের প্রারম্ভিক মূলধন কত?
ⓚ ১,৫০,০০০ টাকা ⓛ ১,৭০,০০০ টাকা
ⓜ ২,০০,০০০ টাকা ⓝ ২,২০,০০০ টাকা

৩৪. ২০,০০০ টাকার লেনদেন দ্বারা হিসাব সমীকরণে প্রভাব পড়বে—
i. A উপাদান হ্রাস পাবে
ii. L উপাদান বৃদ্ধি পাবে
iii. E উপাদান হ্রাস পাবে
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓛ ii ও iii ⓜ i ও iii ⓝ i, ii ও iii

৩৫. হিসাববিজ্ঞানের দৃষ্টিতে কোনটি অমুনাফাভোগী চলমান প্রতিষ্ঠান?
ⓚ ব্যাংক ⓛ মুদি দোকান
ⓜ বিমা কোম্পানি ⓝ পরিবার

৩৬. 'জার' শব্দের অর্থ কী?
ⓚ স্থান ⓛ তাক ⓜ সঞ্চিতি ⓝ দিন

৩৭. রেওয়ামিলে অনিশ্চিত হিসাব নির্দেশ করে—
i. ডেবিট উদ্বৃত্ত
ii. ক্রেডিট উদ্বৃত্ত
iii. ডেবিট ও ক্রেডিট দিকের পার্থক্য
নিচের কোনটি সঠিক?
ⓚ i ⓛ ii
ⓜ iii ⓝ i ও ii

৩৮. নগদ প্রদান জাবেদায় লিপিবদ্ধ হয়—
ⓚ আসবাবপত্র বিক্রয় ⓛ দেনাদার হতে প্রাপ্তি
ⓜ ঋণ পরিশোধ ⓝ পণ্য বিক্রয়

৩৯. খতিয়ানকে বলা হয়—
i. সকল বইয়ের রাজা
ii. সহকারী বই
iii. প্রধান বই
নিচের কোনটি সঠিক?
ⓚ i ⓛ ii
ⓜ i ও ii ⓝ i ও iii

৪০. তিনঘরা নগদান বইতে লিপিবদ্ধ হয়—
ⓚ ক্রয় বাট্টা ⓛ বিক্রয় বাট্টা
ⓜ কারবারি বাট্টা ⓝ নগদ বাট্টা

http://teachingbd.com